

হারোন এবং অন্যান্য উপাসনার নেতৃবর্গ

যারা শিশুদের শিক্ষা দেবেন তারা অবশ্যই পাঠ করবেন W2b

পশ্চাদপট ঃ ইস্রায়েলীয়দের প্রথম বড় পুরোহিত ছিলেন মোশির ভাই হারোন। হারোন লোকদের কাজের জন্য ঈশ্বরের উদ্দেশ্যে বলিদান করতেন। তিনি বলিদান করতেন মেঘ এবং অন্যান্য 'শুচি' পশুদের যেগুলি ঈশ্বর মনোনীত করেছিলেন খাবার জন্য, পুরুষ এবং অকলঙ্কিত। তিনি তাদের গলা কাটতেন এবং পাপের প্রায়শ্চিত্ত স্বরূপ আগুনে পোড়াতেন। আজ যীশু আমাদের 'মেঘশাবকের ঈশ্বর'। তিনি পাপে কলঙ্কিত নন এবং তিনি আমাদের পাপের প্রায়শ্চিত্তের জন্য বলি ওলেন।

১. আপনার নতুন দলকে সঠিকভাবে উপাসনা করতে সাহায্য করার জন্য প্রস্তুত হন।

উপাসনা সংক্রান্ত সাতটি সাধারণ নিয়ম শিখুন

প্রায় সব উপাসকমন্ডলী এই সাতটি সাধারণ কার্যকলাপ অনুশীলন করে থাকেন। তারা হয়তো বিভিন্নভাবে এগুলি করে থাকেন। কেউ কেউ সাপ্তাহিক এগুলি করেন, অন্যরা মাঝে মধ্যে করেন।

১. প্রশংসা এবং ধন্যবাদ জ্ঞাপন।
২. প্রার্থনা।
৩. বাক্য শিক্ষা।
৪. দান।
৫. পাপ স্বীকার এবং ঈশ্বরের ক্ষমার বিষয়ে নিশ্চিত হওয়া।
৬. রুটি ভাঙ্গা (প্রভুর ভোজ)
৭. সহভাগিতা উপভোগ।

- লুক ৬:৩৮ পদে যীশু কোন উপাসনার কার্যকলাপের আদেশ দিয়েছিলেন?
- আদিপুস্তক ১৮:২০-৩৩ পদ আব্রাহাম কি করেছিলেন?
- দায়ূদ ২ শমুয়েল ২:২৪৭ পদে?
- ইস্রায়েলীয়রা, নহিমিয় ৮:১-৩ পদে?
- ইস্রায়েলীয়রা, নহিমিয় ৯:২ পদে?
- যাত্রাপুস্তক ১২:১-১৪ পদে কোন কার্যকলাপ ব্যাখ্যা করা হয়েছে?
- গীতসংহিতা ১৩৩ এ আপনি কি খুঁজে পান?

(উত্তরঃ ১) দেওয়া, ২) প্রার্থনা, ৩) প্রশংসা, ৪) প্রভুর বাক্য, ৫) পাপস্বীকার ৬) প্রভুর ভোজ, ৭) সহভাগিতা)

ঈশ্বরের সন্তানরা এই কার্যকলাপগুলি বছরের পর বছর ধরে পালন করে আসছে।

- যীশু আসার আগে পুরাতন নিয়মে যিহূদীরা তাদের উপাসনার স্থানে এগুলি অনুশীলন করত।
- যীশু এবং পবিত্র আত্মা নতুন নিয়মে এটির গভীর অর্থ প্রকাশ করে।
- শিশুদের শিক্ষা ছিল যীশুর বলিদান ও জীবনদানকারী পুনরুত্থানকে কেন্দ্র করে।
- খ্রীষ্টানরা এই সমস্ত কার্যকলাপ সর্বদাই পালন করে, এটি শুরু হয়েছিল যিরুশালেমের মন্দিরে যা আমরা প্রেরিত ২ অধ্যায়ে দেখতে পাই।
- সমগ্র ইতিহাসে যে সমস্ত উপাসকমন্ডলী এই ঈশ্বর প্রদত্ত উপাসনারীতি পালন করেছে তারা বিদ্যমান থেকেছে এবং যখন তাদের উপর অত্যাচার এসেছে তারা বহুগুনে বৃদ্ধি পেয়েছে।
- যে সমস্ত উপাসকমন্ডলী এই কার্যকলাপ অবহেলা করেছে তারা তখন চূর্ণবিচূর্ণ হয়েছে অথবা মারা গেছে, যখন তাদের আক্রমণ করা হয়েছে বা ভুল শিক্ষা দেওয়া হয়েছে।
- কিছু মন্ডলী এই বিষয়টি খুবই নিয়মমাফিক, উপযুক্ত পোষাকে, ধূপের সৌরভে ও গানের দ্বারা পালন করে। অন্যরা এটি পালন করে 'মুক্ত' পথে।
- শাস্ত্রে লোকেরা প্রভুর প্রশংসা করত গান দ্বারা, নাচ দ্বারা, দাঁড়িয়ে, হাত তুলে, হাত তালি দিয়ে হাঁটু মুড়ে, মাথা নত করে, নিঃশব্দে, উচ্চস্বরে, সঙ্গে থাকত সাক্ষা, নাটক, চিহ্ন কীর্তন এবং বলিদান। যতক্ষণ না আমরা আমাদের হৃদয় দিয়ে তাঁর প্রশংসা করি ঈশ্বর বাহ্যিক বিষয়গুলিকে গুরুত্ব দেন না।



- বেশীরাভাগ উপাসনার শুরুতে ঈশ্বরের প্রশংসার জন্য গীতসংহিতা পাঠ বা গান করা হয়। আপনি সেই সমস্ত পদগুলিও ব্যবহার করতে পারেন যেগুলি ঈশ্বর কেন্দ্রিক এবং তাঁকে সম্মান প্রদর্শিত হয় তাঁর কাজের জন্য, শক্তির জন্য, বিচারের জন্য, প্রেমের জন্য, মহত্বের জন্য, বিশ্বস্ততা এবং পবিত্রতার জন্য।

- এখানে গীতসংহিতা থেকে কিছু পদ দেওয়া হয়েছে যেগুলি ঈশ্বরের প্রশংসা করতে সাহায্য করবে।

৮ঃ ১	৬৬ঃ ১-৪	৯৮ঃ ১-৩	১১১ঃ ১-৪
৯ঃ ১-২	৮১ঃ ১-২	১০০ঃ ১-৩	১১৭ঃ ১-২
২৯ঃ ১-২	৯৩ঃ ১-২	১০৩ঃ ১-৬	১৩৬ঃ ১-২৬
৪৭ঃ ১	৯৫ঃ ১-৩	১০৬ঃ ১-২	১৪৮ঃ ১-১৪

২. এই সপ্তাহের মধ্যে কি কি কাজ করবেন সেই বিষয়ে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

আপনার উপাসনার প্রয়োজন অনুযায়ী কার্যকলাপ পছন্দ করুন।

- উপাসনার পরে ভোজনের জন্য নতুন লোকদের আমন্ত্রণ জানান।
- শিশুদের নাটকের জন্য সমস্ত শিশুদের সাহায্য করতে বলুন, এমনকি যদি কেউ এখনও উপাসনা সভায় যোগদান করেনি তাকেও বলুন।
- উপাসনার বাক্য লেখা একটি পতাকা সভাতে টাঙান।
- সেই সমস্ত বন্ধুদের বাড়িতে প্রার্থনা ও ঈশ্বরের আরাধনা করুন যারা এখনও উপাসনার সভায় আসেনি।

৩. আসন্ন উপাসনার বিষয়ে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

স্থানীয় প্রথা বা উৎসব অনুযায়ী কার্যকলাপ পছন্দ করুন।

- উপরে দেওয়া গীতসংহিতা থেকে যে কোন অংশ পাঠ বা গান করুন, প্রার্থনা করুন ও প্রভুর প্রশংসা করুন।
- গত সপ্তাহের যে সমস্ত কাজ হয়েছে তার রিপোর্ট এবং সাক্ষ্য দিতে বলুন।
- ব্যাখ্যা করুন প্রভু যীশু পৃথিবীতে আসার আগে উপাসনা কেমন ছিল;
- বলুন যে আপনি এখন পুরাতন নিয়মের উপাসনার ব্যাখ্যা করবেন।
- একজন সহকারীকে আপনার সঙ্গে বাইরে যেতে বলুন। যখন আপনি ভিতরে ফিরে আসবেন তখন সে একটি মেস হবে, হাত ও হাঁটুর সাহায্যে হাঁটবে এবং 'ব্যা ব্যা' বলে ডাকবে। আপনি তাকে দড়ির সাহায্যে টানবেন এরূপ অভিনয় করুন।
- 'হারোন-কে' (যে কেউ) বলুন তার খড়্গকে ধার দিতে, কাষ্ঠ প্রস্তুত করতে এবং মেসটি বেঁধে বেদীর কাছে আনতে। হারোনের সাহায্যে, মেসটিকে একটি চেয়ারে মাথানত করে রাখুন।



ইস্রায়েলীয়দের অকর্তিত পাথরের বেদী

- তার মাথার উপর আপনার হাত রেখে বলুন, "আমি আমার এবং আমার পরিবারের সমস্ত পাপ স্বীকার করছি!"
- হারোনকে বলুন তার গলা কাটার জন্য। যখন সে এটি করবে, আপনি অভিনয় করুন যে রক্ত আপনার চারিদিকে ছিটকে গেছে, আপনার হাত থেকে রক্ত ঝেড়ে ফেলুন এবং চিৎকার করে বলুন, "ওহ! চারিদিকে রক্ত!"
- "শুনুন আতঙ্কিত পশুটির ব্যা ব্যা শব্দ!"
- "রক্তের এবং সারের গন্ধ নিন!"
- "আপনার চোখ ধোয়ায় ভরে যাবে।"
- লোকদের জিজ্ঞাসা করুন, "এটা কি উপাসনা ছিল?" (তাদের উত্তর দিতে দিন।)
- "এটি ছিল জঘন্য এবং বেমানান! কেন? আমাদের পাপগুলি মহাপবিত্র ঈশ্বরের কাছে জঘন্য এবং বেমানান। এইগুলি পরিবর্তন হয় নি। আমাদের পাপের জন্য একজন নিষ্পাপ মানুষের রক্তের প্রয়োজন ছিল।"

- জিজ্ঞাসা করুন, “আমরা এখন সভায় এমন মেস নিয়ে যাই না? বিশ্বাসীদের উত্তর দিতে দিন। যদি তারা সঠিকভাবে উত্তর দিতে না পারে, আপনার নিজের বাক্য দ্বারা বুঝিয়ে দিন; যীশু হচ্ছেন ঈশ্বরের অনন্ত মেসশাবক যিনি পৃথিবীর পাপভার তুলে নিয়েছিলেন। যখন আমরা প্রভুর ভোজের রুটি ও পানপাত্র গ্রহণ করি তখন আমরা ঈশ্বরের নিষ্পাপ, পবিত্র মেসশাবকের শরীর ও রক্তের সহভাগী হই, যেমন লেখা আছে ১ করিন্থীয় ১০ঃ১৬ পদে।

শিশুদের বলুন তারা যে নাটক অনুশীলন করে এসেছে সেটি উপস্থাপন করতে এবং যে প্রশ্নগুলি তারা প্রস্তুত করে এসেছে সেগুলি বড়দের জিজ্ঞাসা করতে।

প্রভুর ভোজ প্রদানের সময়, সেই গল্পটি বলুন যেখানে একজন রাজার ভোজে এক ব্যক্তি উপযুক্ত পোষাক পরে আসেনি (মথি ২২ঃ১-১৪)। বিশেষ পোষাক নির্দেশ করে যে ঈশ্বর তাঁর পবিত্রতার দ্বারা বিশ্বাসীদের ঘিরে আছেন। যখনই আমরা আমাদের পাপ স্বীকার করি এবং তাঁর ক্ষমা পাই তখনই আমরা ঈশ্বরের পোষাক পরিধান করি। প্রভুর ভোজ গ্রহণের পূর্বে আমাদের এইরূপ করা উচিত। প্রভুর ভোজ নিয়েও মহা ভোজের জন্য সামনে তাকান যখন আমরা ঈশ্বরের লোকেরা খ্রীষ্টের সঙ্গে অনন্ত বিবাহে আবদ্ধ হয়।

যোহন ৪ঃ২৪ পদ মুখস্থ করুন।

এই সপ্তাহে আপনি যে কাজগুলি করার পরিকল্পনা করেছেন তা ঘোষণা করুন।

দুই বা তিনজনের দল হয়ে একে অন্য থেকে সাহায্য করুন। তাদের প্রার্থনা করতে, পরিকল্পনা নিশ্চিত করতে এবং একে অপরকে উৎসাহ দিতে িন।